দৈনিক ইনকিলাব

তারিখ ...2.5 MAR. 1998... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৭...

## ভর্তি ফরমের মূল্য বৃদ্ধির প্রতিবাদে

# চঃ ভার্সিটিতে আজ ধর্মঘটের আহবান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ১ম বর্ষ অনার্সে ভর্তি ফরমের মূল্যবৃদ্ধির জের ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংগঠনগুলো বিক্ষুব্ধ হয়ে উঠেছে। মূল্যবৃদ্ধির প্রতিবাদে আজ (বুধবার) বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহবান করা হয়েছে। গতকাল ভাইস চ্যান্সেলরের কার্যালয় ঘেরাও কর্মসূচী পালিত হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে আগামী ১২ এপ্রিল হতে ভর্তি ফরম বিক্রয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। উল্লেখ্য, গত বছর ভর্তি ফরমের মূল্য ছিলো প্রতিটি দেড়শ টাকা। এ বছর ৫০ টাকা বৃদ্ধি করে ২শ' টাকা ধার্য করা হয়। ছাত্র সংগঠনগুলো আগে থেকেই মূল্যবৃদ্ধির বিরোধিতা করে সভা, সমাবেশ, মিছিল ও স্মারকলিপি দিয়েছে। তার পরেও কর্তৃপক্ষ ফরমের মূল্য ২শ' টাকা ধার্য করে আগামী ১২ এপ্রিল থেকে ভর্তি ফরম বিক্রির ঘোষণা দিয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৩২টি বিভাগে ভর্তির জন্য ৫টি অনুষদ ও ২টি ইনস্টিটিউটে মোট ৭টি ফরম রয়েছে। প্রতিটি অনুষদে ছাত্র-ছাত্রীদের আলাদা ফরম নিয়ে পৃথক পরীক্ষায় অংশগ্রহণ করতে হয়।

এছাড়া ক্যাম্পাসের যোগাযোগ সমস্যা ও বিভিন্ন কারণে দূর দূরান্ত থেকে আগত ভর্তিচ্ছুদের প্রচুর টাকা ব্যয় হয়। মানবিক দিক বিবেচনা করে ছাত্র সংগঠনগুলো ভর্তি ফরমের মূল্য বৃদ্ধি না করার দাবী জানিয়েছেন। তাদের দাবী অগ্রাহ্য হওয়ায় তারা বিক্ষুব্ধ হয়ে আন্দোলনে নেমেছে। গতকাল ছাত্রদল ভিসি অফিস ঘেরাও করেছে। আজ (বুধবার) ছাত্রদল, ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন সর্বাত্মক ধর্মঘট আহবান করেছে। ধর্মঘটে ছাত্র শিবিরের সমর্থন রয়েছে। ধর্মঘট সফল করার লক্ষ্যে ক্যাম্পাসে পৃথক পৃথক সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।